"মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা
ই-হজ ব্যবস্থাপনা"

মুজিব বর্ষের ঘোষণা
উন্নত হজ বস্থাপনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

স্মারক নং- ১৬.০০.০০০০.০০৩.৩০.০০৭.০০. ২৮০

তারিখ: ১১ চৈত্র ১৪২৬ / ২৫ মার্চ ২০২০

২০২০ সালে হজ কার্যক্রমে অংশগ্রহণকারী এজেন্সিসমূহের 'হজযাত্রী নিবন্ধন ব্যাংক হিসাব' ব্যবহার সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ০২ মার্চ, ২০২০ তারিখ থেকে ২০২০ সালের হজযাত্রী নিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে। করোনা ভাইরাস প্রাদুর্ভাবের কারণে বর্তমানে ওমরাহযাত্রী প্রেরণ ও সৌদি আরবের সঙ্গে যোগাযোগ বন্ধ আছে। পরিস্থিতি উন্নতি হওয়ার সঙ্গে সঙ্গে ২০২০ সালে হজযাত্রী প্রেরণের লক্ষ্যে নিবন্ধন কার্যক্রম অব্যাহত রাখা হয়েছে।

২। বর্ণিত পরিস্থিতিতে বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রী নিবন্ধনের সময় বিমান ভাড়া এবং সার্ভিস চার্জ বাবদ ১,৫১,৯৯০.০০ (এক লক্ষ একান্ন হাজার নয়শত নব্বই) টাকার অতিরিক্ত অন্য কোন ব্যয় বাবদ কোন অর্থ গ্রহণ করা যাবে না। অবশিষ্ট অর্থ পরিস্থিতি স্বাভাবিক হওয়ার সঙ্গে সঙ্গে জমা প্রদান করার জন্য হজযাত্রীকে প্রস্তুত রাখতে হবে। নিবন্ধনের সময়, হজযাত্রী এবং এজেন্সিকে আবশ্যিকভাবে নগদ লেনদেন পরিহার করতে হবে। কোন অবস্থাতেই মধ্যস্বত্বভোগী বা তথাকথিত গ্রুপ লিডারের মাধ্যমে লেনদেন করা যাবে না। নিবন্ধনের সময় হজযাত্রী কর্তৃক জমাকৃত অর্থ শুধুমাত্র হজ কার্যক্রমেই ব্যয় করতে হবে। নিবন্ধন ভাউচারের মাধ্যমে ব্যাংকে টাকা জমা প্রদান করে নিবন্ধন করতে হবে। হজযাত্রী কর্তৃক এজেন্সির ব্যাংক হিসাব ব্যতীত কোনভাবে নগদ লেনদেন করা হলে এজন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৩। নিবন্ধনের সময় হজযাত্রী কর্তৃক জমাকৃত অর্থ হজ কার্যক্রম ব্যতীত অন্য কোন খাতে ব্যয় করা যাবে না। নিবন্ধনের জন্য জমাকৃত অর্থ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা ব্যতিরেকে কোন অবস্থাতেই উত্তোলন করা যাবে না। পরবর্তী নির্দেশনা প্রদান না করা পর্যন্ত সৌদি আরবে বাড়ি ভাড়া বা অন্য কোন খাতে ব্যয়ের জন্য অর্থ প্রেরণ করা যাবে না এবং বাংলাদেশেও বিমান ভাড়া বা অন্য খাতে অর্থ ব্যয় করা যাবে না। বিদ্যমান করোনা ভাইরাস পরিস্থিতির কারণে হজযাত্রী প্রেরণ করা সম্ভব না হলে সংশ্লিষ্ট এজিন্সকে জমাকৃত অর্থ হজযাত্রী বরাবর ফেরৎ প্রদান করতে হবে।

৪। বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রী নিবন্ধনের সময় বিমান ভাড়া এবং সার্ভিস চার্জ বাবদ ১,৫১,৯৯০.০০ (এক লক্ষ একান্ন হাজার নয়শত নব্বই) টাকার অতিরিক্ত অর্থ কোন এজেন্সি অথবা অন্য কোন ব্যক্তি দাবী করলে কোন অবস্থাতেই সম্মানিত হজযাত্রীগণ তা প্রদান করবেন না। এমন কোন অনাকাঙ্খিত পরিস্থিতির উদ্ভব হলে তা ধর্ম বিষয়ক মন্ত্রণালয়কে তাৎক্ষণিক অবহিত করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হ'ল।

৫। সম্মানিত হজযাত্রী, হজযাত্রী নিবন্ধনে নিয়োজিত এজেন্সি এবং সংশ্লিষ্ট ব্যাংককে আবশ্যিকভাবে এ নির্দেশনাসমূহ অনুসরণ করার জন্য অনুরোধ করা হ'ল। উল্লেখ্য যে, সরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের জন্য পূর্বের ন্যায় সম্পূর্ণ টাকা জমা প্রদান করে হজযাত্রী নিবন্ধনের কার্যক্রম অব্যাহত থাকবে।

২৫.০৩.২০২০

মো: শরাফত জামান
উপসচিব (হজ)
ফোন: ৯৫৭৬৩৪৯
e-mail:morahajsection@gmail.com

স্মারক নং- ১৬.০০.০০০০.০০৩.৩০.০০৭.০০ তারিখ: ২৫.০৩.২০২০ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব,...মন্ত্রণালয়/বিভাগ।
৩. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক/ভাইস প্রেসিডেন্ট,..ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (*এ বিষয়ে তাঁর আওতাধীন শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো*)।
৫. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হ'ল)।
৬. ব্যবস্থাপনা পরিচালক/সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি., বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
৭. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
৮. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৯. কনসাল জেনারেল, কনস্যুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব।
১০. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা/মক্কা, সৌদি আরব।
১১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১২. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা।
১৩. জেলা প্রশাসক (সকল) (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।
১৪. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৫. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৬. সভাপতির একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
১৭. সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।
১৮. সিস্টেমস এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ হজ প্যাকেজটি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হ'ল)।
১৯. উপজেলা নির্বাহী অফিসার (সকল) (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।
২০. পরিচালক/উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন (সকল জেলা) (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
২১. কান্ট্রি ম্যানেজার, সৌদি এ্যারাবিয়ান এয়ারলাইন্স, ঢাকা।
২২. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা, সাত্তারা সেন্টার (১৬ তম তলা), হোটেল ভিক্টোরী, ৩০/এ নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা (সকল হজ এজেন্সিকে আবশ্যিকভাবে অবহিতকরণের জন্য অনুরোধ করা হ'ল)।
২৩. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, ১২ কারওয়ান বাজার, ঢাকা (এ বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে (www.hajj.gov.bd) প্রকাশ করার জন্য অনুরোধ করা হ'ল)।
২৪. স্বত্বাধিকারী/ ব্যবস্থাপনা পরিচালক, জনাব---।

২৫.০৩.২০২০
আবুল কাশেম মুহাম্মদ শাহীন
সিনিয়র সহকারী সচিব